



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

MC-14668

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-৭৬/১৪৬২/৩

তারিখঃ ২০/০৪/২০১৬খ্রিঃ

বিষয়ঃ বেতন-ভাতা পরিশোধ পূর্বক বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

তাগিদপত্র-২

সূত্রঃ জনাব মোঃ আব্দুল কাদের মিয়া এর ১০/০৪/২০১৫খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন হাতিয়া ইসলামিয়া দাখিল মাদরাসার কারী শিক্ষক জনাব মোঃ আব্দুল কাদের মিয়া অবৈধভাবে স্থগিতকৃত বেতন বিল ছাড়করণ এবং হাজিরা খাতায় স্বাক্ষর করার ব্যবস্থা গ্রহণের জন্য একখানা আবেদন বোর্ডে দাখিল করেন। আবেদনে সুপার জনাব বদর উদ্দিন আহমেদ এর সাথে জমি-জমা নিয়ে তর্ক বিতর্ক হওয়ায় কারী শিক্ষক জনাব মোঃ আব্দুল কাদের মিয়া এর বেতন ভাতা স্থগিত করা হয়েছে এবং হাজিরা খাতায় স্বাক্ষর করতে দেয়া হচ্ছেনা মর্মে উল্লেখ করা হয়।

২) ব্যক্তিগত আক্রোশের বশবর্তী না হয়ে মানবিক দিক বিবেচনা করতঃ কারী শিক্ষক জনাব মোঃ আব্দুল কাদের মিয়া এর বেতন ভাতা পরিশোধ এবং হাজিরা খাতায় স্বাক্ষরকরণের সুযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য অত্র দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-৭৬/১৪৬২/৩; তারিখঃ ০৩/০২/২০১৬খ্রিঃ স্মারকে মাদরাসার সুপারকে দ্বিতীয়বার পত্র দেয়া হয়।

৩) উক্ত পত্রের প্রেক্ষিতে মাদরাসার সুপার/কর্তৃপক্ষ কর্তৃক কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে নথি দৃষ্টে প্রতীয়মান হওয়ায় এ বিষয়ে পুনরায় মতামত প্রদানের জন্য নথিটি বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টা ব্যারিস্টার কাজী মাইনুল হাসানের প্রেরণ করা হয়। আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনা পূর্বক “জনাব মোঃ আব্দুল কাদেরকে বরখাস্ত/অপসারণ করা নাই ও তৎসংক্রান্ত কোন প্রস্তাব বোর্ডে প্রেরণ করা হয় নাই। বরখাস্ত/অপসারণ/সাময়িক বরখাস্ত ব্যতিরেকে দীর্ঘসময় চাকুরী করার পর হঠাৎ করে বেতন-ভাতা স্থগিত করার আইনগত সুযোগ নাই” মর্মে মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে কারী শিক্ষক জনাব মোঃ আব্দুল কাদের মিয়া এর বেতন ভাতা (বকেয়াসহ) জরুরী ভিত্তিতে পরিশোধ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য মাদরাসার সুপার ও মাদরাসার পরিচালনা কমিটির সভাপতিকে পুনরায় অনুরোধ করা হলো।

প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্লাহ

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ ১) সভাপতি, হাতিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, উলিপুর, কুড়িগ্রাম।

২) সুপার, হাতিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, উলিপুর, কুড়িগ্রাম।

অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।

২. জনাব মোঃ আব্দুল কাদের মিয়া, কারী শিক্ষক, হাতিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, উলিপুর, কুড়িগ্রাম।

৩. অফিস কপি।